





বিষয়ঃ সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২১) প্রতিবেদন

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: (ডিএমটিসিএল) কর্তৃক গঠিত ০৩(তিন) সদস্য বিশিষ্ট সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ৩১ মার্চ, ২০২১ খ্রি. তারিখে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: (ডিএমটিসিএল) এবং এর আওতাধীন বিভিন্ন প্রকল্প থেকে সিটিজেনস্ চার্টার অনুযায়ী বিগত জানুয়ারি হতে মার্চ ২০২১ সময়কালে প্রদত্ত সেবা/বাস্তবায়িত কার্যক্রমসমূহ পরিবীক্ষণ করা হয়েছে। প্রদত্ত সেবা/বাস্তবায়িত কার্যক্রমের বিষয়ে পরিবীক্ষণ মন্তব্য নিম্নরূপঃ

ক্রমিক নং	সেবার নাম/বাস্তবায়িত কার্যক্রম	পরিবীক্ষণ মন্তব্য
১.	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে সরাসরি জনবল নিয়োগ	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: (ডিএমটিসিএল) এ ট্রেন অপারেটর এর ৫১ টি পদে সরাসরি জনবল নিয়োগের জন্য গত ২১-২৩ মার্চ, ২০২১ তারিখে ৫৫ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে।
২.	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে প্রেষণে জনবল নিয়োগ	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লি: (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে প্রেষণে ০২(দুই) জন জনবল নিয়োগ করা হয়েছে।
৩.	প্রেষণে নিয়োজিত কর্মচারীদের শ্রান্তিবিনোদন ছুটি প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়ণ	প্রেষণে নিয়োজিত কর্মচারীদের শ্রান্তিবিনোদন ছুটির ০২(দুই)টি আবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়ণ করা হয়েছে।
৪.	প্রকল্পে নিয়োজিত কর্মচারীদের ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরী	প্রকল্পে নিয়োজিত কর্মচারীদের ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরীর ০১ (এক) টি আবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে অগ্রায়ণ করা হয়েছে।
৫.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অবহিতকরণ সভা আয়োজন	গত ১৩ জানুয়ারি, ২০২১ তারিখে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট কর্তৃক একটি এবং গত ২৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে এমআরটি লাইন-১ (ই/এস) কর্তৃক একটি মোট দুইটি অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।
৬.	মেট্রোরেল নির্মাণ কালে যানজট পরিস্থিতি সহণীয় পর্যায়ে রাখা	মেট্রোরেল নির্মাণ কালে যানজট পরিস্থিতি সহণীয় পর্যায়ে রাখার জন্য সংশ্লিষ্টদের নিয়ে নিয়মিত সভা করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে এবং গৃহীত কার্যক্রম মনিটর করা হচ্ছে।
৭.	Metro Rail Exhibition & Information Center এর মাধ্যমে জনসাধারণকে মেট্রোরেল সম্পর্কে সম্যক ধারণা প্রদান	Metro Rail Exhibition & Information Center এর মাধ্যমে জনসাধারণকে মেট্রোরেল সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য সম্পূর্ণ প্রস্তুত কিন্তু COVID-19 পরিস্থিতির কারণে অবহিতকরণ কার্যক্রম আরম্ভ করা যায় নি।



(ফরিদা হোসাইন)
প্রকল্প ব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
এমআরটি লাইন-১ [ই/এস]

ও
সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ডিএমটিসিএল


(আশরাফুর রহমান)
০৬-০৮-২০২১

প্রকল্প ব্যবস্থাপক (ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড রিসেটেলমেন্ট)
এমআরটি লাইন-১ [ই/এস]

ও
সদস্য সচিব, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ডিএমটিসিএল


৬-৮-২০২১

(মোহাম্মদ আবদুর রউফ)
অতিরিক্ত প্রকল্প পরিচালক (অর্থ ও প্রশাসন)
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট

ও
আহবায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ডিএমটিসিএল